দৈনিক ইত্তেফাক

তারিখ ১9-MAR-1998
পৃষ্ঠা ৮৫ কলাম ৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়

নং-শাঃ ১৪/১৩ ইউ-৩/৯৩/৬০ -শিক্ষা, তারিখঃ ১০/০৩/৯৮ইং

# বিজ্ঞপ্তি

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু ব্যক্তি/উদ্যোক্তা প্রতিষ্ঠান বেসরকারী বিশ্ববিদ্যালয় স্থাপনের লক্ষ্যে সরকারের নিকট আবেদনপত্র দাখিলের পরপরই শিক্ষক নিয়োগ, ছাত্র/ছাত্রী ভর্তিসহ পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম চালিয়ে যাচ্ছে।

২। এ প্রসঙ্গে সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারের নিকট আবেদন দাখিলের পর বেসরকারী বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯২ এর ৬ ধারার অধীনে দাখিলকৃত আবেদনপত্র বিবেচনাপূর্বক অনুমতি/সনদপত্র ইস্যুর পূর্বে বিশ্ববিদ্যালয়ের কোন রকম কার্যক্রম পরিচালনা করা সম্পূর্ণরূপে বেআইনী। এরূপ প্রতিষ্ঠান পরিচালনা থেকে বিরত থাকার জন্য সংশ্লিষ্ট উদ্যোক্তাগণকে অনুরোধ করা যাচ্ছে।

৩। এ ছাড়াও কিছু সংখ্যক প্রতিষ্ঠান কর্তৃক বিভিন্ন বিদেশী বিশ্ববিদ্যালয়ের অধীনে বি,বি,এ/এম,বি,এসহ অন্যান্য ডিগ্রী প্রদান করা হবে মর্মে পত্র-পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হচ্ছে। কিন্তু অনুরূপ কোন ডিগ্রী, ডিপ্লোমা বা সার্টিফিকেট প্রদানও বেসরকারী বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯২-এর আওতায় পড়ে। এ সকল ক্ষেত্রে সরকার থেকে কোন অনুমতি গ্রহণ না করে শিক্ষা কার্যক্রম পরিচালনা করা বেআইনী।

৪। বেসরকারী বিশ্ববিদ্যালয়, আইন ১৯৯২-এর আওতায় শিক্ষা পরিকল্পনা, পাঠ্যক্রম ও শিক্ষক তালিকা বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক অনুমোদনসহ সরকারের পূর্বানুমতি গ্রহণ না করে এ ধরনের কোনরূপ কার্যক্রম শুরু না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে।

৫। ছাত্র-ছাত্রী ও অভিভাবকবৃন্দকেও কোন প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রী ভর্তি করার পূর্বে তা সরকার কর্তৃক অনুমোদিত কিনা তা যাচাই করে নেওয়ার জন্য অনুরোধ জানানো হচ্ছে যাতে করে তারা প্রতারিত না হন।

(মোঃ মোশাররফ হোসেন)
সিনিয়র সহকারী সচিব।

ডিএফপি-৫৭৩৬-১৫/৩/৯৮ (৬x২)